

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৩৫

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

بَابُ الْمَنْهِيّ عَنْهَا مِنَ الْبُيُوْع

### আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْمُخَابَرَةِ وَالْمُحَاقَلَةِ وَالْمُزَابَنَةِ وَالْمُحَاقَلَةُ: أَنْ يَبِيعَ الرَّجُلُ الزَّرْعَ بِمِائَةِ فَرَقٍ حِنطةً والمزابنةُ: أَنْ يبيعَ التمْرَ فِي رؤوسِ النَّخْلِ بِمِائَةِ فَرَقٍ وَالْمُخَابَرَةُ: كِرَاءُ الْأَرْضِ بِالثُّلُثِ والرُّبُعِ. رَوَاهُ مُسلم

#### বাংলা

২৮৩৫-[২] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুখাবারাহ্, মুহাকালাহ্ ও মুযাবানাহ্ করতে নিষেধ করেছেন। 'মুহাকালাহ্' হলো ক্ষেতের শস্য একশ' ফুরক্ব (প্রায় বিশ মণ প্রস্তুতকৃত) গমের বিনিময়ে বিক্রি করা। 'মুযাবানাহ্' হলো খেজুর গাছের মাথায় যে খেজুর রয়েছে, তা কর্তিত বিশ মণ খুরমার বিনিময়ে বিক্রি করা। 'মুখাবারাহ্' অর্থ হলো এক-তৃতীয়াংশ বা এক-চতুর্থাংশ শস্যের বিনিময়ে ক্ষেত ইজারা (বর্গা) দেয়া। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৫৩৬, মুসনাদ আশ্ শাফি'ঈ ৫২৫।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَهٰى رَسُوْلُ اللّٰهِ ﷺ व्र्याचाहाह আলাইহি ওয়াসাল্লাম মুখাবারাহ্ ও মুহাকালাহ্ নিষেধ করেছেন।" মুখাবারাহ্ বলা হয় এ বর্গা চাষকে যাতে চাষী নিজ থেকে বীজ দিয়ে অন্যের জমি চাষ করে। বিনিময়ে সে চাষী জমিনের উৎপাদিত ফসলের এক-চতুর্থাংশ অথবা এক-তৃতীয়াংশ চাষীকে দিবে অথবা জমির এক অংশের ফসল চাষী নিবে এবং অন্য অংশের ফসল জমির মালিক নিবে। ইমাম আবূ হানীফাহ্ (রহঃ)-এর মতে বর্গাচাষ বৈধ নয়। পক্ষান্তরে জুমহূর 'উলামাগণের মতে জমির নির্দিষ্ট অংশের ফসল চাষীকে না দিয়ে বরং পূর্ণ জমিতে উৎপাদিত ফসলের একটি নির্দিষ্ট চাষীকে দেয়া হলে এ ভাগ চাষ বৈধ। কেননা নবী



সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বারের জমি খায়বারবাসীদের ভাগে চাষ করিয়েছেন এবং উৎপাদিত অর্ধেকাংশ তিনি নিয়েছেন যা সহীহ হাদীস দ্বারা প্রমাণিত। তবে অত্র হাদীসে নিষিদ্ধ মুখাবারাহ্ দ্বারা উদ্দেশ্য চাষীকে জমির নির্দিষ্ট অংশের ফসল দেয়া। কেননা এতে এক অংশের ফসল কম হওয়া অথবা ফসল না হওয়ার সম্ভাবনা রয়েছে। (শারহে মুসলিম ৯/১০ খন্ড, হাঃ ১৫৩৬)

মুহাকালাহ্ নিষিদ্ধ মুযাবানার একটি প্রকার আর তা হচ্ছে ক্ষেতের ফসল ঘরের ফসলের বিনিময়ে বেচা-কেনা করা। যার আলোচনা পূর্বের হাদীসে গত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন